অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/23/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদানের জন্য গুরুত্বপূর্ণ পদ পূরণ করতে PUBLIC WORKFORCE HIRING প্রোগ্রাম চালিয়ে যাওয়ার ঘোষণা করলেন

2028 সালের জুন পর্যন্ত NY HELPS-এর মেয়াদ বাড়ানো হলে তা জনসাধারণের জন্য উন্মুক্ত গুরুত্বপূর্ণ পদে নিয়োগ প্রক্রিয়াকে আরো সহজ করবে

প্রোগ্রামটির মাধ্যমে স্টেটের এজেন্সি এবং স্থানীয় সরকারগুলি 60,000 টির বেশি নিয়োগ করেছে, যা জনসাধারণকে সেবা ও সংস্থান প্রদান করতে সাহায্য করছে

ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিস মেধাভিত্তিক ব্যবস্থার আধুনিকায়ন করছে যাতে নতুন ও বর্তমান সরকারি কর্মীদের জন্য প্রতিবন্ধকতা কমানো যায়, এটি সরকারি কর্মশক্তিকে সমর্থনের ক্ষেত্রে গভর্নরের প্রতিশ্রুতি পূরণ করছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে New York Hiring for Emergency Limited Placement Statewide (NY HELPS)-এর মেয়াদ বাড়ানো হচ্ছে, এটি একটি সরকারি চাকরিতে নিয়োগের প্রোগ্রাম যা জনসাধারণের জন্য উন্মুক্ত শূন্যপদে মেধাবী কর্মীদের নিয়োগ ও চাকরি দেওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেট (New York State) এবং মিউনিসিপ্যাল সরকারের এজেন্সিগুলির ক্ষমতার গতি বাড়িয়েছে। NY HELPS, যার মেয়াদ নিউ ইয়র্ক স্টেটের সিভিল সার্ভিস কমিশন (Civil Service Commission) 30 জুন, 2028 তারিখ পর্যন্ত বাড়িয়েছে, তা জনসাধারণের জন্য উন্মুক্ত বহু সরকারি চাকরির ক্ষেত্রে সাময়িকভাবে পরীক্ষার প্রয়োজনীয়তা বাতিল করে, ফলে চাকরি প্রার্থীদের জন্য সরকারি খাতে চাকরি খুঁজে পাওয়া আগের যেকোনো সময়ের তুলনায় সহজ হয়েছে। NY HELPS-এর মেয়াদ বাড়ানো এম্পায়ার স্টেটের (Empire State) সরকারি কর্মশক্তিকে পুনর্গঠন ও শক্তিশালী করার ক্ষেত্রে গভর্নর Hochul-এর (হোকল) ঐতিহাসিক প্রতিশ্রুতিকে বজায় রাখছে, এটি এমন একটি প্রতিশ্রুতি যার মধ্যে বর্তমান স্টেট কর্মীদের জন্য সিভিল সার্ভিসের পদোন্নতির পরীক্ষাগুলিকে আরো অ্যাক্সেসিবল ও সুবিধাজনক করতে 12টি নতুন কম্পিউটার বেজড ট্রেনিং সেন্টারের মধ্যে প্রথমটি খোলার সাম্প্রতিক ঘোষণা আছে।

"আমাদের সরকারি কর্মচারীরা অতুলনীয়, এবং এক সাথে আমরা আমার প্রশাসনের সময় স্টেট ও স্থানীয় কর্মশক্তি পুনর্গঠনের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছি, কিন্তু আমাদের কাজ এখনো শেষ হয়নি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "NY HELPS-এর মেয়াদ বাড়িয়ে এবং কর্মচারীদের সামনে বিদ্যমান প্রতিবন্ধকতা দূর করার চেষ্টা করতে থাকার মাধ্যমে আমরা আরো বেশি নিউ ইয়র্কবাসীকে ফলপ্রসূ সরকারি খাতের ক্যারিয়ারে আনতে পারবো, বর্তমান

কর্মচারীদের অগ্রগতির সুযোগ বাড়াতে পারবো, এবং নিশ্চিত করতে পারবো যাতে আমরা প্রতিটি কমিউনিটির চাহিদা পূরণ করতে পারি এবং একই সাথে তাদের প্রাপ্য মানসম্পন্ন সেবা ও সংস্থান প্রদান করছি।"

ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিসের (Department of Civil Service) কমিশনার এবং সিভিল সার্ভিস কমিশনের প্রেসিডেন্ট Timothy R. Hogues (টিমোথি আর হগস) বলেন, "অনেকের জন্য সরকারি চাকরি একটি স্বপ্ন, কিন্তু নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়াতে অনেক বেশি সময় লাগার কারণে নিউ ইয়র্কবাসীরা সেরা ও সব থেকে মেধাবী প্রার্থীদের কিছু অংশের সেবা ও সহায়তা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছিলেন। NY HELPS-এর মেয়াদ বাড়ানো, বর্তমান স্টেট কর্মীদের জন্য পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বাড়ানো এবং ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিসে চলমান আধুনিকায়ন প্রক্রিয়ার মাধ্যমে, যার সবই গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে হচ্ছে, আমরা চাকরি প্রার্থী ও স্টেট কর্মীদের বর্তমান অবস্থান থেকেই সাহায্য করছি যা পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের লাভবান করবে।"

NY HELPS-এর মাধ্যমে, চাকরি প্রার্থীরা এমন পদের জন্য আবেদন করতে পারবেন যেগুলি সাধারণ জনগণের জন্য উন্মুক্ত এবং যার জন্য তারা ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য চাকরির শর্ত পূরণ করেন।

2023 সালে মূল HELP প্রোগ্রামের এর সূচনা থেকে, যেটিকে 2024 সালে সম্প্রসারিত করা এবং এর নাম পরিবর্তন করে NY HELPS রাখা হয়, এটি স্টেট এবং স্থানীয় সরকার উভয় পর্যায়ের পদে 60,000টি বেশি নিয়োগ দিয়েছে। NY HELPS প্রোগ্রাম বিশেষভাবে সরাসরি সেবা এবং অতি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য ও মানবসেবার পদগুলির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছে, যার মধ্যে ডিরেক্ট সাপোর্ট অ্যাসিস্টেন্ট, রেজিস্টার্ড নার্স, এবং মেন্টাল হেলথ থেরাপি এইড আছে। স্টেট এবং স্থানীয় উভয় পর্যায়ে HELPS নিয়োগ সম্পর্কিত বিস্তারিত পরিসংখ্যানের জন্য অনুগ্রহ করে https://www.cs.ny.gov/help ভিজিট করুন।

তিন সদস্যের নিউ ইয়র্ক স্টেট সিভিল সার্ভিস কমিশন 13 মে তাদের নিয়মিত মিটিংয়ে নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিগুলি, এবং সেই সাথে যেসব স্থানীয় এজেন্সি এই প্রোগ্রামে অংশ নিতে চায় তাদের জন্য NY HELPS প্রোগ্রামের মেয়াদ বাড়ানোকে সর্বসম্মতিক্রমে অনুমোদন দিয়েছে।

NY HELPS-এর মেয়াদ বাড়ানো হলো চাকরি প্রার্থীরা যে অবস্থানে আছেন সেখানেই তাদের সাহায্য করতে নিউ ইয়র্ক স্টেটের সিভিল সার্ভিসের মেধাভিত্তিক ব্যবস্থার আধুনিকায়নে ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিসের সামগ্রিক চেষ্টার অংশ। ডিপার্টমেন্টের এই রূপান্তরের মধ্যে আছে জনগণের জন্য উন্মুক্ত চাকরির ব্যাপারে আগ্রহী প্রার্থীদের মেধা ও ফিটনেস পরীক্ষার জন্য একটি গ্রাহক-বান্ধব, সম্পূর্ণ অ্যাক্সেসিবল, উদ্ভাবনী পদ্ধতি তৈরি করা, এবং একই সাথে এমন একটি কর্মশক্তি তৈরি করা যা নিউ ইয়র্ক স্টেটের সকল বাসিন্দার ডাইভার্সিটি এবং সক্ষমতার প্রতিফলন হবে। NY HELPS-এর মেয়াদ বাড়ানোর ফলে তা ডিপার্টমেন্টটিকে জনগণের জন্য উন্মুক্ত চাকরিতে নিয়োগের জন্য একটি নতুন আবেদনকারী ব্যবস্থাপনার সিস্টেম তৈরি করতে দিবে, যা উন্মুক্ত পদের জন্য দ্রুত ও সমতার সাথে সবথেকে যোগ্য প্রার্থীকে খুঁজে পাওয়ার জন্য নিয়োগের অনুশীলনকে জোরদার ও দ্রুত করবে।

যদিও NY HELPS স্টেট ও স্থানীয় এজেন্সিগুলি, এবং চাকরি প্রার্থীদের জন্য আরো দ্রুত একটি নিয়োগ প্রক্রিয়া নিশ্চিত করে, তবে ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিস এছাড়াও বর্তমান স্টেট কর্মীদের ক্যারিয়ারের অগ্রগতির জন্য সুযোগ বাড়াচ্ছে।

মে মাসে ডিপার্টমেন্টটি ঘোষণা করে যে তারা অ্যালবানি (Albany) কাউন্টির কোহোয়েসে (Cohoes) একটি নতুন কম্পিউটার বেজড ট্রেনিং (Computer-Based Testing, CBT) সেন্টার খুলছে, এটি হবে 2027 সালের শেষ নাগাদ খোলা হবে এমন 12টি সেন্টারের মধ্যে প্রথম। Empire State-এর প্রতিটি অঞ্চলে অবস্থিত এই কেন্দ্রগুলি পদোন্নতি পরীক্ষার মাধ্যমে কর্মজীবনে অগ্রসর হতে ইচ্ছুক স্টেট কর্মীদের জন্য আধুনিক ও সুবিধাজনক সুযোগ প্রদান করবে।

স্টেটে CBT সেন্টারগুলি খোলার মাধ্যমে, সিভিল সার্ভিস পদোন্নতির পরীক্ষাগুলি আরো ঘন ঘন আয়োজন করা হবে, যা প্রার্থীদেরকে ক্যারিয়ার অগ্রসর করার আরো বেশি সুযোগ দিবে, এবং পরীক্ষার ফলাফল আরো দ্রুত প্রকাশ করা হবে, এবং একই সাথে আগ্রহী প্রার্থীদের নিজেদের পরীক্ষার সময়সূচি নিজেদের নির্ধারণ করতে দেওয়া হবে।

স্টেটের সিনেটর Robert Jackson (রবার্ট জ্যাকসন) বলেন, "সরকার ততটাই শক্তিশালী যতটা তার মানুষকে সেবা দেওয়ার ক্ষমতা শক্তিশালী। প্রতিটি শূন্যপদ পূরণের অপেক্ষায় থাকা একটি প্রয়োজনের, সাহায্যের অপেক্ষায় থাকা একটি পরিবারের, সেবার অপেক্ষায় থাকা একটি কমিউনিটির চিহ্ন। NY HELPS-এর মেয়াদ বাড়ানোর মাধ্যমে আমরা সরকারি চাকরিতে প্রবেশের আরো সুযোগ তৈরি করছি এবং একই সাথে নিউ ইয়র্কবাসীরা প্রতিদিন যে কর্মশক্তির উপর নির্ভর করেন সেটিকে জোরদার করছি। এর উদ্দেশ্যে শুধু চাকরির পদ পূরণ না; এর উদ্দেশ্যে এই প্রতিজ্ঞার নবায়ন যে সরকার অ্যাক্সেসিবল, সাড়াদানকারী এবং মানুষের জীবনে যখন সব থেকে বেশি প্রয়োজন হয় তখন উপস্থিত হতে পারে।"

Civil Service Employees Association (CSEA)-এর প্রেসিডেন্ট Mary E. Sullivan (ম্যারি ই সালিভ্যান) বলেন, "NY HELPS প্রোগ্রামের মেয়াদ বাড়ানোর ফলে সরকারি নিয়োগকর্তারা এমন একটি ব্যবস্থা পাবেন যা সময়মতো অতি গুরুত্বপূর্ণ শূন্যপদ পূরণ করতে এবং নিউ ইয়র্কবাসীরা যে সেবার উপর নির্ভর করেন তা ধরে রাখতে তাদের প্রয়োজন। প্রোগ্রামটির মেয়াদ বাড়ানো একটি যুক্তিসঙ্গত অন্তর্বর্তীকালীন পদক্ষেপ যেহেতু স্টেট 21 শতকের জন্য সিভিল সার্ভিস ব্যবস্থার আধুনিকায়নে এবং ভবিষ্যতের জন্য আরো শক্তিশালী কর্মশক্তি গড়ে তোলার চেষ্টা চালিয়ে যাচ্ছে। কর্মশক্তির এই সমস্যাগুলির সমাধানে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য CSEA কৃতজ্ঞ।"

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের সরকারি কর্মশক্তিকে শক্তিশালী করার জন্য একাধিক উদ্যোগ বাস্তবায়ন করেছেন। 2025 সালের ফেব্রুয়ারি মাসে, গভর্নর Hochul (হোকল) মেধাবী কিন্তু স্থানচ্যুত হওয়া ফেডারেল সরকারি খাতের কর্মচারীদের স্টেটের চাকরিতে নিয়োগ করার জন্য "You're Hired" উদ্যোগটি শুরু করেন। 2023 সালে গভর্নর Hochul (হোকল) স্টেটের ইতিহাসে প্রথমবারের মতো কর্মশক্তির জন্য 12 সপ্তাহের সম্পূর্ণ সবেতন প্যারেন্টাল ছুটি পুরো স্টেটে শুরু করেন।

গভর্নর Hochul (হোকল) এছাড়াও 2025 সালের অক্টোবর মাসে ঘোষণা করেন যে ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিস আনুমানিক 800টি এন্ট্রি এবং পদোন্নতির পর্যায়ের সরকারি চাকরির পদের যোগ্যতা পরিবর্তন করেছে যাতে চাকরি প্রার্থীদের মূল্যায়নের সময় সমতুল অভিজ্ঞতাকে কলেজ ডিগ্রির বিকল্প হিসেবে বিবেচনা করা সম্ভব হয়।

এর পাশাপাশি, স্টেট 10টি সেন্টার ফর ক্যারিয়ার ইন গভর্নমেন্ট (Centers for Careers in Government) প্রতিষ্ঠা করেছে যা চাকরি প্রার্থীদের সিভিল সার্ভিস সিস্টেম এবং কর্মজীবনের সুযোগ-সুবিধা সম্পর্কে দিকনির্দেশনা দেবে।

গভর্নর এছাড়াও স্টেটের চাকরির জন্য নিয়োগের স্থগিতাদেশ উঠিয়ে নেন এবং ডিজেবিলিটি সহ ব্যক্তি ও ভেটেরানদের জন্য সরকারি কর্মশক্তিকে সমর্থন করার সুযোগ বাড়িয়ে দেন।

এছাড়া ডিপার্টমেন্ট অব সিভিল সার্ভিস গত দুই বছরে নিউ ইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিসে বিদ্যমান ব্যাপক কর্মসংস্থানের সুযোগগুলো প্রচারের জন্য সফল মাল্টি-মিডিয়া ক্যাম্পেইন পরিচালনা করেছে; ধারণা করা হচ্ছে যে এই ক্যাম্পেইনটি 18 বছর বা তার বেশি বয়সী 93 শতাংশ নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছেছে। এছাড়াও, ডিপার্টমেন্টটি নিউ ইয়র্কের প্রথম চিফ ডিজ্যাবিলিটি অফিসারের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে একটি ক্যাম্পেইন পরিচালনা করেছে যা প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের জন্য কর্মসংস্থানের সুযোগগুলোকে বিশেষভাবে তুলে ধরেছে।

নিউ ইয়র্ক স্টেটের জন্য কাজ করা সম্পর্কে এবং একটি ফলপ্রসূ ক্যারিয়ার গঠন করতে এবং অগ্রসর করতে পরবর্তী ধাপ সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে ডিপার্টমেন্ট অফ সিভিল সার্ভিসের ওয়েবসাইট ভিজিট করুন এবং ডিপার্টমেন্টকে Facebook, Instagram, X, এবং LinkedIn-এ ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন